

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, অক্টোবর ১০, ২০১৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মন্ত্রিপরিষদ বিভাগ

প্রজ্ঞাপন

ঢাকা, ২৫ আশ্বিন ১৪২৫ বঙ্গাব্দ/১০ অক্টোবর ২০১৮ খ্রিস্টাব্দ

নম্বর: ০৪.০০.০০০০.৪২১.৮৪.০৪৩.১৬.৩২৭—গত ০৭ অক্টোবর ২০১৮ তারিখে ভুটানে অনুষ্ঠিত ‘সার্বজনীন-১৮ নারী চ্যাম্পিয়নশিপ’ টুর্নামেন্ট-এর ফাইনালে শক্তিশালী নেপালকে ১-০ গোলের ব্যবধানে পরাজিত করে সাউথ এশিয়ান ফুটবল ফেডারেশন (সার্বজনীন) কর্তৃক প্রথমবারের মত প্রবর্তিত ‘সার্বজনীন-১৮ নারী চ্যাম্পিয়নশিপ’ টুর্নামেন্ট-এ বাংলাদেশ অনূর্ধ্ব-১৮ নারী ফুটবলদল অপরাজিত চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করেছে।

২। বাংলাদেশ অনূর্ধ্ব-১৮ নারী ফুটবলদলের এই ক্রীড়া নৈপুণ্যের জন্য সকল খেলোয়াড়, কোচ, কর্মকর্তা ও বাংলাদেশ ফুটবল ফেডারেশনসহ সংশ্লিষ্ট সকলকে আন্তরিক অভিনন্দন জানিয়ে মন্ত্রিসভার ২৩ আশ্বিন ১৪২৫/০৮ অক্টোবর ২০১৮ তারিখের বৈঠকে একটি প্রস্তাব গৃহীত হয়েছে।

৩। মন্ত্রিসভার বৈঠকে গৃহীত উক্ত অভিনন্দন প্রস্তাব সকলের অবগতির জন্য প্রকাশ করা যাচ্ছে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

মোহাম্মদ শফিউল আলম  
মন্ত্রিপরিষদ সচিব

( ১২৫১৯ )

মূল্য : টাকা ৪০০০

**মন্ত্রিসভার অভিনন্দন প্রস্তাব**

২৩ আশ্বিন ১৪২৫  
ঢাকা : ০৮ অক্টোবর ২০১৮

গত ০৭ অক্টোবর ২০১৮ তারিখে ভুটানে অনুষ্ঠিত ‘সার্বজনীন-১৮ নারী চ্যাম্পিয়নশিপ’ টুর্নামেন্ট-এ নেপাল-কে ১-০ গোলের ব্যবধানে পরাজিত করে অপরাধিত চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করেছে বাংলাদেশ সার্বজনীন-১৮ নারী ফুটবলদল। এই টুর্নামেন্টে অংশগ্রহণকারী অন্যান্য দল ছিল – স্বাগতিক ভুটান, ভারত, পাকিস্তান, নেপাল এবং মালদ্বীপ। বাংলাদেশ তাদের গুপ পর্বে পাকিস্তানকে ১৭-০ এবং নেপালকে ২-১ গোলের ব্যবধানে পরাজিত করে গুপ চ্যাম্পিয়ন হয়। সেমিফাইনালে বাংলাদেশ স্বাগতিক ভুটানকে ৪-০ গোলের ব্যবধানে পরাজিত করার মাধ্যমে ফাইনালে খেলার যোগ্যতা অর্জন করে। ফাইনালে শক্তিশালী নেপালকে হারিয়ে সাউথ এশিয়ান ফুটবল ফেডারেশন (সার্বজনীন) কর্তৃক প্রথমবারের মত প্রবর্তিত ‘সার্বজনীন-১৮ নারী চ্যাম্পিয়নশিপ’ টুর্নামেন্ট-এ বাংলাদেশ অপরাধিত চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করে। বাংলাদেশ সার্বজনীন-১৮ নারী ফুটবলদলের নৈপুণ্য-ভাস্বর এ বিজয় দেশের যে-কোনো পর্যায়ের ফুটবলের ক্ষেত্রে এক অনন্য অর্জন। একটি পরিপূর্ণ ও সুসংহত দল হিসাবে বাংলাদেশ শক্তিশালী ও অভিজ্ঞতাসম্পন্ন পাকিস্তান, ভুটান ও নেপাল দলকে পরাজিত করার মাধ্যমে দেশকে উপহার দিল এক অসামান্য অর্জন। বয়সভিত্তিক ফুটবলে বাংলাদেশের মেয়েরা ধারাবাহিক সাফল্য দেখিয়ে চলেছেন। গত ডিসেম্বর থেকে এ পর্যন্ত সার্বজনীন, এএফসি ও আমন্ত্রণমূলকসহ মোট ছয়টি টুর্নামেন্টের মধ্যে পাঁচটিতেই চ্যাম্পিয়ন হয় বাংলাদেশ নারী ফুটবলদল।

মন্ত্রিসভা মনে করে যে এ বিজয় দেশে খেলাধুলার অব্যাহত উন্নয়নের মাধ্যমে নারীর ক্ষমতায়নে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বাধীন সরকারের গৃহীত বিভিন্ন কর্মসূচির ফলপ্রসূতার পরিচায়ক। মন্ত্রিসভা আশা করে যে এই বিজয় বাংলাদেশ নারী ফুটবলদলকে আরও আত্মবিশ্বাসী করে তুলবে এবং পরবর্তীকালে আরও ভাল ফলাফল বয়ে আনার অনুপ্রেরণা যোগাবে।

মন্ত্রিসভা বাংলাদেশ সার্বজনীন-১৮ নারী ফুটবলদলের এই ক্রীড়া নৈপুণ্যের জন্য সকল খেলোয়াড়, কোচ, কর্মকর্তা ও বাংলাদেশ ফুটবল ফেডারেশনসহ সংশ্লিষ্ট সকলকে আন্তরিক অভিনন্দন জানাচ্ছে।